**একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত**

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড
ময়মনসিংহ।
www.nape.gov.bd

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.১৪৬.২০২৩-৬৪

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: জুলাই, ২০২৩- এপ্রিল, ২০২৪ শিক্ষাবর্ষে প্রাথমিক শিক্ষকদের জন্য পরিমার্জিত ডিপিএড (মৌলিক) প্রশিক্ষণ কোর্সে রেজিস্ট্রেশন প্রসঙ্গে।**

সূত্র: (১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০১.২৩-১৯৬, তারিখ: ১৮ মে, ২০২৩।
(২) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০৫.২১.৪২, তারিখ: ২৮ মে, ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জুলাই, ২০২৩- এপ্রিল, ২০২৪ শিক্ষাবর্ষে নির্ধারিত ১৫ (পনেরো) টি পিটিআই-এ প্রাথমিক শিক্ষকদের জন্য পরিমার্জিত ডিপিএড (মৌলিক) প্রশিক্ষণ কোর্সে রেজিস্ট্রেশন সম্পন্ন করার নিমিত্তে ১৫ জুন, ২০২৩ তারিখের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডেপুটেশন প্রদান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। এ বিষয়ে নিম্নোক্ত নির্দেশাবলি অনুসরণ করতে হবে:

১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ১২ জুন, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে সংযুক্ত তালিকা মোতাবেক সংশ্লিষ্ট জেলার জন্য নির্ধারিত আসন সংখ্যা (পুরুষ ও মহিলা) অনুযায়ী উপজেলাভিত্তিক কোটা নির্ধারণ করে পত্র মারফত সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারগণকে অবহিত করবেন। উপজেলা শিক্ষা অফিসারগণ **১৫ জুন, ২০২৩** খ্রি. তারিখের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণবিহীন শিক্ষকগণকে ডেপুটেশন আদেশ প্রদান করবেন। এক্ষেত্রে জ্যেষ্ঠতা তালিকা কঠোরভাবে অনুসরণ করতে হবে। ডেপুটেশন আদেশের অনুলিপি মহাপরিচালক, নেপ, পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপপরিচালক প্রাথমিক শিক্ষা, সংশ্লিষ্ট বিভাগ এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করতে হবে।

২. কোনো উপজেলায় কোটা পূরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক পাওয়া না গেলে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার তাৎক্ষণিকভাবে বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করবেন এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সংশ্লিষ্ট জেলাধীন অন্য উপজেলা থেকে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক ডেপুটেশনের জন্য কোটা পুন:নির্ধারণ করবেন।

৩. **প্রাথমিক শিক্ষকদের জন্য পরিমার্জিত ডিপিএড (মৌলিক) প্রশিক্ষণ কোর্সে রেজিস্ট্রেশনের জন্য মনোনয়নপ্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এইচ.এস.সি বা সমমান পাশ।**

৪. ডেপুটেশনপ্রাপ্ত শিক্ষকগণ **২৬ জুন, ২০২৩** খ্রি. তারিখের মধ্যে অনলাইনে ফরম পূরণ করে সংশ্লিষ্ট পিটিআই-এ রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন। নেপ-এর ওয়েবসাইটের হোম পেজ এ www.nape.gov.bd **'ডিপিএড' মেনুতে ক্লিক করলে কয়েকটি সাবমেনু পাওয়া যাবে, অত:পর 'ডিপিএড রেজিস্ট্রেশন'** (DPEd Admission and Registration) **সাবমেনুতে ক্লিক করলে রেজিস্ট্রেশন ফরম দৃশ্যমান হবে। উল্লেখ্য যে, ১৬-২৬ জুন, ২০২৩ খ্রি. তারিখের পূর্বে বা পরে রেজিস্ট্রেশন ফরম দৃশ্যমান হবে না।**

৫. **সূত্রোক্ত ২ নং স্মারকে উল্লিখিত ১৫ টি পিটিআই-এ প্রাথমিক শিক্ষকদের জন্য পরিমার্জিত ডিপিএড (মৌলিক) প্রশিক্ষণ কার্যক্রমের লক্ষ্যে প্রশিক্ষণার্থী রেজিস্ট্রেশনের নির্ধারিত আসন সংখ্যা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।**

৬. প্রাথমিক শিক্ষকদের জন্য পরিমার্জিত ডিপিএড (মৌলিক) প্রশিক্ষণ কোর্সে রেজিস্ট্রেশনের জন্য মনোনয়নপ্রাপ্ত প্রত্যেক শিক্ষক নিজ নিজ নির্ধারিত ক্যাচমেন্ট এরিয়ার (তালিকা সংযুক্ত) পিটিআই-এ নেপ-এর ওয়েবসাইট www.nape.gov.bd-এর মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন।

৭. ফরমের ২য় অংশটি আবেদনকারীর ব্যক্তিগত তথ্য (নির্ভুল তথ্য) দিয়ে যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনকারীর একটি পাসপোর্ট সাইজের ছবি ফরমের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ফরমের সাথে একটি ব্যবহার বিধি (User Guide) যুক্ত থাকবে। **নামের বানান ও জন্ম তারিখের ক্ষেত্রে এস.এস.সি বা সমমান পাশের সনদ অনুসরণ করতে হবে।**

৮. **অনলাইনে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হলে জনাব দিলীপ কুমার সরকার, প্রোগ্রামার নেপ, ময়মনসিংহ (মোবাইল নম্বর: ০১৭১৮২৯৭১২১) এবং জনাব সামির আসিফ শুভ, মোবাইল নম্বর ০১৬৮৫৯৫৬৮৯৮-এর সাথে (সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত) যোগাযোগ করা যেতে পারে। প্রয়োজনে ই-মেইল prognape21@gmail.com-এ সমস্যা উল্লেখ করে ই-মেইল করা যাবে।**

৯. প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য নিয়োগকৃত সহকারী শিক্ষকগণকে প্রাথমিক শিক্ষকদের জন্য পরিমার্জিত ডিপিএড (মৌলিক) প্রশিক্ষণ কোর্সে রেজিস্ট্রেশনের লক্ষ্যে জ্যেষ্ঠতার ভিত্তিতে ডেপুটেশন প্রদান করা যাবে।

১০. নির্ধারিত ক্যাচমেন্ট এরিয়া অনুযায়ী শিক্ষকগণ ডেপুটেশন প্রাপ্ত পিটিআই-এ রেজিস্ট্রেশন করবেন এবং আন্ত:পিটিআই বদলীর কোনো সুযোগ থাকবে না।

**১১. আন্ত:পিটিআই বদলীর কোনো সুযোগ না থাকায় প্রশিক্ষণার্থীগণকে ভর্তিকৃত পিটিআই-এ ০৬ (ছয়) মাস এবং নিজ উপজেলার নির্ধারিত বিদ্যালয়ে ০৪ (চার) মাস ইন্টার্নশীপ সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, পিটিআই কার্যক্রমের ০৬ (ছয়) মাস সম্পূর্ণ আবাসিক বিধায় কোনো প্রশিক্ষণার্থী পিটিআই-এর বাইরে অবস্থান করতে পারবেন না।**

১২. আগামী ০১ জুলাই ২০২৩ খ্রি: তারিখ হতে প্রাথমিক শিক্ষকদের জন্য পরিমার্জিত ডিপিএড (মৌলিক) প্রশিক্ষণ কোর্সের শ্রেণি কার্যক্রম শুরু হবে। ৩০ জুন, ২০২৩ খ্রি. তারিখ অপরাহ্নে প্রশিক্ষণার্থীগণকে সংশ্লিষ্ট পিটিআই-এ রিপোর্ট করতে হবে।

১৩. রেজিস্ট্রেশনকৃত শিক্ষকগণ কোর্সের শ্রেণি কার্যক্রম শুরু না হওয়া পর্যন্ত স্ব স্ব বিদ্যালয়ে কর্মরত থাকবেন।

সংযুক্তি: বর্ণনামতে................... পাতা।

২২/০৬/২০২৩

(মোঃ শাহ আলম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২৯৯৬৬-৬৬৩০৫

**জেলা প্রাথমিক শিক্ষা অফিসার**
........................................................ জেলা।

**সুপারিনটেনডেন্ট**
.................................................... পিটিআই।

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৫. পরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপপরিচালক (প্রশিক্ষণ/শিক্ষাক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৮. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ ময়মনসিংহ বিভাগ (আসন সংখ্যা অনুযায়ী পিটিআইসমূহে রেজিস্ট্রেশন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৯. উপপরিচালক (প্রশাসন/মূল্যায়ন), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
১০. সহকারী পরিচালক (পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
১১. প্রোগ্রামার, নেপ, ময়মনসিংহ (প্রাথমিক শিক্ষকদের জন্য পরিমার্জিত ডিপিএড (মৌলিক) প্রশিক্ষণ কোর্সের রেজিস্ট্রেশন কার্যক্রমে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)।
১২. পরীক্ষা নিয়ন্ত্রক, ডিপিএড বোর্ড, নেপ, ময়মনসিংহ।
১৩. উপজেলা/থানা শিক্ষা অফিসার, .................. উপজেলা/থানা.......................... জেলা।
১৪. সিইও, ক্রিয়েটিভ টেকনোলজি, ঢাকা।
১৫. সংরক্ষণ নথি।